# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. FIFTH SEMESTER EXAMINATION, DECEMBER 2018**
**THIRD YEAR (BATCH 2016-19)**
**BENGALI (Honours)**
**Paper : VI**

Date : 21/12/2018
Time : 11 am – 3 pm
Full Marks : 90

**বিভাগ ‘ক’ ও বিভাগ ‘গ’ এর জন্য একই উত্তরপত্র এবং বিভাগ ‘খ’- এর জন্য আলাদা উত্তরপত্রে লিখতে হবে।**

## বিভাগ - ক

১। ‘ফসিল’ গল্প অবলম্বনে মার্কসীয় শ্রেণিদ্বন্দ্বের চেহারা বিশ্লেষণ করো। ১০

অথবা

শেষ পর্যন্ত নারীর স্বাধিকারের প্রশ্নটিই গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে ‘অবতরণিকা’ গল্পে—ব্যাখ্যা করো।

২। ‘দুইনারী’ গল্পে লেখকের নারী মনস্তত্ত্ব সম্পর্কে আলোচনা করো। ১০

অথবা

দেশভাগের নির্মম বাস্তবতাকে প্রবলভাবে চ্যালেঞ্জ করতে চেয়েছিলেন মান্টো। ‘টোবা টেক সিং’ তারই দলিল। ব্যাখ্যা করো।

৩। ‘কবি’ উপন্যাসের কেন্দ্রীয় চরিত্রের নির্মাণে লেখকের সমাজভাবনার দিকটি উন্মোচন করো। ১০

অথবা

‘কবি’ উপন্যাসে গানের ব্যবহার কতদূর প্রাসঙ্গিক ও যুক্তিপূর্ণ হয়েছে, আলোচনা করো।

৪। ‘পথের পাঁচালী’ উপন্যাসে শিশুমনের স্বরূপ অঙ্কনে লেখকের শক্তিমত্তার পরিচয় দাও। ১০

অথবা

ঔপন্যাসিকের মৃত্যুবোধ এই উপন্যাসে কীভাবে প্রভাব ফেলেছে, ‘পথের পাঁচালী’র মৃত্যুঘটনাগুলির সূত্রে আলোচনা করো।

৫। ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসে পল্লীগ্রামের চিত্রাঙ্কনে লেখকের সমাজবাস্তবতাবোধ কীভাবে ব্যক্ত হয়েছে তা আলোচনা করো। ১০

অথবা

‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসে মালা চরিত্রের প্রাসঙ্গিকতা নিয়ে আলোচনা করো।

৬। বাংলা কল্পবিজ্ঞান সাহিত্যের একটি সংক্ষিপ্ত পরিচয় দিয়ে প্রসঙ্গত ‘সবুজ মানুষ’ রচনাটি নিয়ে মন্তব্য করো। ১০

অথবা

একটি সার্থক ভূতের গল্পকে কীভাবে চিহ্নিত করা যায়? ‘প্রত্নকেতকী’ সেই মানদণ্ডে উত্তীর্ণ হবে কী?

৭। রূপকথার স্বরূপ সার্থকভাবে ধরা পড়েছে ‘লালকমল নীলকমল’ গল্পে — বিশ্লেষণ করো। ১০

অথবা

কমিক্স্-কে কি সাহিত্য পদবাচ্য করা যায়? বাংলা কমিক্স্ কাহিনির বৈশিষ্ট্য উল্লেখ করে উদাহরণ হিসেবে পাঠ্য কমিক্স্কে পেশ করো।

## বিভাগ - গ

৮। যে কোনো **কুড়িটি** প্রশ্নের উত্তর দাও। ২০×১

ক) নিবারণ মাস্টার-এর মেস এর ঠিকানাটি লেখো।

খ) ‘নেটিভ স্টেট অঞ্জনগড়’ এর আয়তন কত?

গ) ‘মহানগর’ গল্পের প্রধান নারীচরিত্রের নাম কী?

ঘ) ‘একটি পুরাতন উর্দি’ -তে উর্দিটি কে কিনেছিলো?

ঙ) ‘টোবা টেক সিং’ বলে যাকে ডাকা হতো, তার নাম কী ছিলো?

চ) ‘টোবা টেক সিং’ গল্পে লাহোরের পাগলাগারদে একটি মুসলমান পাগল বারো বছর ধরে রোজ নিয়ম করে কী পড়তো?

ছ) হরিহর অপুকে যে শিষ্যের বাড়ি নিয়ে গিয়েছিলো তার নাম কী?

জ) লীলা অপুর জন্যে নিজের পড়ার ঘরে কোন পত্রিকা এনে রেখেছিলো?

ঝ) অপু লীলাকে কার ছড়া শুনিয়েছিলো?

ঞ) দুর্গার মৃত্যুর পর হরিহর যখন বাড়ি আসে, তখন অপুর জন্যে কী বই এনেছিলো?

ট) মালার বাপের বাড়ি কোথায়?

ঠ) ‘মোর ভ্যান্ডালিজম’ খবরটিতে কোন মন্দিরের মূর্তিচুরির কথা বলা হয়েছে?

ড) শুভঙ্কর বোস কোথায় কী পড়ান?

ঢ) লালমোহনবাবুর অস্ত্রটি কী ছিলো?

ণ) লালমোহনবাবুর পরিকল্পিত উপন্যাসের ভিলেন এর নাম কী?

ত) আওরাঙ্গাবাদ যাওয়ার আগে সিধুজ্যাঠা ফেলুদাকে কী বই পড়তে দিয়েছিলেন?

থ) ‘কৈলাসে কেলেঙ্কারি’ উপন্যাসের সূচনায় বৈঠকখানায় ফেলু-তোপসে কী কী বই পড়ছিলো?

দ) ফেলুদাদের আওরাঙ্গাবাদ যাওয়ার প্লেনের টিকিট কে করে দিয়েছিলেন?

ধ) যে ট্যাক্সি ফেলুদাদের সিদিকপুরে নিয়ে গিয়েছিলো, তার ড্রাইভারের নাম কী?

ন) শেঠ ঢুন্ডুরাম প্যালার জন্যে কী খাবার ফরমাস করেছিলেন?

প) গজেশ্বরের পদবী কী?

ফ) ঝণ্টিপাহাড়ি যেতে চারমূর্তি কোন স্টেশনে নেমেছিলো?

ব) স্বামী ঘুটঘুটানন্দের গুরুর গুরুর নাম লেখো।

ভ) ‘আত্মহত্যার অধিকার’ গল্পে নীলমনির স্ত্রী-র নাম কী?

ম) ‘পয়োমুখম’ গল্পের ভূতনাথের তিনজন স্ত্রী-র নাম লেখো।

———— × ————

# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. FIFTH SEMESTER EXAMINATION, DECEMBER 2018**
**THIRD YEAR (BATCH 2016-19)**
**BENGALI (Honours)**
**Paper : VI**

Date : 21/12/2018
Time : 11 am – 11:20 am
Full Marks : 10

Reg. No. : ______________________________ Admit Roll No. : ____________________

বিভাগ 'খ'-এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রের মধ্যে দেওয়ার জন্য ছাত্ররা সময় পাবে পরীক্ষা শুরুর প্রথম ২০ মিনিট। পরীক্ষা শুরুর ২০ মিনিট পর পরীক্ষা পরিদর্শক ছাত্রদের কাছ থেকে বিভাগ 'খ'-এর উত্তরপত্রটি সংগ্রহ করবেন ।

## বিভাগ - খ

সঠিক উত্তরটির পাশে (✓) চিহ্ন বসাও ঃ (০.৫ × ২০)

১। নিম্নরেখ পদগুলির কারক-বিভক্তি নির্ণয় কর ঃ-

(ক) সে অন্ধকারকে ভয় পায়।
- অ) কর্ম কারকে 'কে' বিভক্তি।
- আ) করণ কারকে 'কে' বিভক্তি।
- ই) অপাদান কারকে 'কে' বিভক্তি।
- ঈ) অধিকরণ কারকে 'কে' বিভক্তি।

(খ) মেয়েরা পুতুল খেলে।
- অ) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি।
- আ) করণ কারকে 'শূন্য' বিভক্তি।
- ই) অপাদান কারকে 'শূন্য' বিভক্তি।
- ঈ) অধিকরণ কারকে 'শূন্য' বিভক্তি।

(গ) তিলে তেল হয়।
- অ) কর্ম কারকে 'কে' বিভক্তি।
- আ) করণ কারকে 'কে' বিভক্তি।
- ই) নিমিত্ত কারকে 'কে' বিভক্তি।
- ঈ) অপাদান কারকে 'কে' বিভক্তি।

(ঘ) লাঠিতে মেরো না।
- অ) কর্তৃ কারকে 'তে' বিভক্তি।
- আ) কর্ম কারকে 'তে' বিভক্তি।
- ই) করণ কারকে 'তে' বিভক্তি।
- ঈ) অধিকরণ কারকে 'তে' বিভক্তি।

(ঙ) বাংলার মুখ আমি দেখিয়াছি
- অ) কর্ম কারকে 'র' বিভক্তি।
- আ) করণ কারকে 'র' বিভক্তি।
- ই) সম্বন্ধ পদে 'র' বিভক্তি।
- ঈ) সম্বোধন পদে 'র' বিভক্তি।

(চ) মহাশয়, জল দিয়া আমার প্রাণ রক্ষা করুন।
- অ) কর্তৃ কারকে 'শূন্য' বিভক্তি।
- আ) কর্ম কারকে 'শূন্য' বিভক্তি।
- ই) সম্বন্ধ পদে 'শূন্য' বিভক্তি।
- ঈ) সম্বোধন পদে 'শূন্য' বিভক্তি।

(ছ) বিপদে মোরে রক্ষা কর।

অ) কর্ম কারকে 'এ' বিভক্তি।

আ) করণ কারকে 'এ' বিভক্তি।

ই) অপাদান কারকে 'এ' বিভক্তি।

ঈ) অধিকরণ কারকে 'এ' বিভক্তি।

(জ) কল দিয়ে জল পড়ে না।

অ) করণ কারকে 'দিয়ে' অনুসর্গ।

আ) কর্ম কারকে 'দিয়ে' অনুসর্গ।

ই) অপাদান কারকে 'দিয়ে' অনুসর্গ।

ঈ) অধিকরণ কারকে 'দিয়ে' অনুসর্গ।

(ঝ) ছোটমাসি, একটা গল্প লিখেছি।

অ) কর্তৃ কারকে শূন্য বিভক্তি

আ) কর্ম কারকে শূন্য বিভক্তি

ই) সম্বন্ধ পদে শূন্য বিভক্তি

ঈ) সম্বোধন পদে শূন্য বিভক্তি

(ঞ) পুরাণের গল্প শুনি।

অ) কর্তৃ কারকে 'এর' বিভক্তি।

আ) কর্ম কারকে 'এর' বিভক্তি।

ই) সম্বন্ধ পদে 'এর' বিভক্তি।

ঈ) সম্বোধন পদে 'এর' বিভক্তি।

২। ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় কর ঃ-

(ক) অরিন্দম —

অ) অরিকে দমন (কর্ম তৎপুরুষ)

আ) অরি দ্বারা দমন (করণ তৎপুরুষ)

ই) অরি হইতে দমন (অপাদান তৎপুরুষ)

ঈ) অরিকে দমন করে যে (উপপদ তৎপুরুষ)

(খ) পঞ্চবটী —

অ) পঞ্চ বট যাহার (বহুব্রীহি)

আ) পঞ্চ বটের সমাহার (দ্বিগু)

ই) পঞ্চ যে বট (কর্মধারয়)

ঈ) পঞ্চের জন্য বট (নিমিত্ত তৎপুরুষ)

(গ) নির্লজ্জ —

অ) নয় লজ্জা (নঞ্ তৎপুরুষ)

আ) নাই লজ্জা যাহার (নঞ্ বহুব্রীহি)

ই) লজ্জার অভাব (উপসর্গ তৎপুরুষ)

ঈ) লজ্জা দ্বারা হীন (করণ তৎপুরুষ)

(ঘ) নীলাকাশ —

অ) নীলের ন্যায় আকাশ (উপমান কর্মধারয়)

আ) নীল আকাশ যাহার (বহুব্রীহি)

ই) নীল যে আকাশ (কর্মধারয়)

ঈ) নীল আকাশের ন্যায় (উপমিত কর্মধারয়)

(ঙ) বিদ্যাহীন —

অ) বিদ্যা নাই যাহার (নঞ্ বহুব্রীহি)

আ) বিদ্যা হইতে হীন (অপাদান তৎপুরুষ)

ই) বিদ্যাতে হীন (অধিকরণ তৎপুরুষ)

ঈ) বিদ্যা দ্বারা হীন (করণ তৎপুরুষ)

(চ) দেশান্তর —

অ) দেশের অন্তর (সম্বন্ধ তৎপুরুষ)

আ) দেশ হইতে অন্তর (অপাদান তৎপুরুষ)

ই) অন্য দেশ (নিত্য সমাস)

ঈ) দেশ অন্তর যাহার (বহুব্রীহি)

(ছ) রাজপথ —

অ) রাজার পথ (সম্বন্ধ তৎপুরুষ)

আ) পথের রাজা (সম্বন্ধ তৎপুরুষ)

ই) রাজার ন্যায় পথ (উপমান কর্মধারয়)

ঈ) রাজার গমনের পথ (মধ্যপদলোপী কর্মধারয়)

(জ) বাবাঠাকুর —

অ) বাবার ঠাকুর (সম্বন্ধ তৎপুরুষ)

আ) বাবা ঠাকুরের ন্যায় (উপমিত কর্মধারয়)

ই) বাবার পূজনীয় ঠাকুর (মধ্যপদলোপী কর্মধারয়)

ঈ) যিনি বাবা তিনি ঠাকুর (কর্মধারয়)

(ঝ) তুষারশুভ্র —

অ) তুষার আবৃত শুভ্র (মধ্যপদলোপী কর্মধারয়)

আ) তুষারের ন্যায় শুভ্র (উপমান কর্মধারয়)

ই) তুষার শুভ্রের ন্যায় (উপমিত কর্মধারয়)

ঈ) তুষার রূপ শুভ্র (রূপক কর্মধারয়)

(ঞ) দশানন —

অ) দশ আননের সমাহার (দ্বিগু)

আ) দশ আনন যাহার (বহুব্রীহি)

ই) দশের আনন (সম্বন্ধ তৎপুরুষ)

ঈ) দশ ও আনন (দ্বন্দ্ব)

———— × ————